

= ३ून | Hud | هُود

আয়াতঃ ১১ : ৭৯

💵 আরবি মূল আয়াত:

قَالُوا لَقَد عَلِمتَ مَا لَنَا فِي بَنْتِكَ مِن حَقٍّ وَ إِنَّكَ لَتَعَلَّمُ مَا نُرِيدُ ﴿٧٩﴾

🗚 অনুবাদসমূহ:

তারা বলল, 'তুমি অবশ্যই জান, তোমার মেয়েদের ব্যাপারে আমাদের কোন প্রয়োজন নেই। আর আমরা কী চাই, তা তুমি নিশ্চয় জান'। — আল-বায়ান

তারা বলল, 'তোমার তো জানাই আছে যে, তোমার (নিজের বা জাতির) কন্যাদের আমাদের কোন দরকার নেই, আমরা কী চাই তাতো তুমি অবশ্যই জান।' — তাইসিরুল

তারা বললঃ তুমিতো অবগত আছ যে, তোমার এই কন্যাগুলির আমাদের কোন প্রয়োজন নেই, আর আমাদের অভিপ্রায় কি তাও তোমার জানা আছে। — মুজিবুর রহমান

They said, "You have already known that we have not concerning your daughters any claim, and indeed, you know what we want." — Sahih International

৭৯. তারা বলল, তুমি তো জান, তোমার কন্যাদেরকে আমাদের কোন প্রয়োজন নেই; আমরা কি চাই তা তো তুমি জানই।(১)

(১) এরপর লুত আলাইহিস সালাম তাদেরকে আল্লাহর আযাবের ভয় দেখিয়ে বললেন "আল্লাহকে ভয় কর" এবং কাকুতি মিনতি করে বললেন "আমার মেহমানদের ব্যাপারে আমাকে অপমানিত করো না"। তিনি আরো বললেন "তোমাদের মাঝে কি কোন ন্যায়নিষ্ঠ ভাল মানুষ নেই?" আমার আকুল আবেদনে যার অন্তরে এতটুকু করুণার সৃষ্টি হবে। কিন্তু তাদের মধ্যে শালীনতা ও মনুষ্যত্বের লেশমাত্রও ছিল না। তারা একযোগে বলে উঠল "আপনি তো জানেনই যে, আপনার বধু কন্যাদের প্রতি আমাদের কোন প্রয়োজন নেই। আর আমারা কি চাই তাও আপনি অবশাই জানেন।

তাফসীরে জাকারিয়া

- (৭৯) তারা বলল, 'তুমি নিশ্চয় জানো যে, তোমার এই কন্যাগুলিতে আমাদের কোন প্রয়োজন নেই, আর আমরা কি চাই, তাও তুমি অবশ্যই জানো।' [1]
 - [1] অর্থাৎ বৈধ ও স্বাভাবিক নিয়মকে তারা একদম অস্বীকার করে দিল এবং অস্বাভাবিক কর্ম এবং নির্লজ্জতার



উপর অটল থাকল। যাতে আন্দাজ করা যায় যে, এই সম্প্রদায় তাদের সেই অশ্লীল কুকর্মে কত বাড়া বেড়েছিল এবং বিকৃত যৌনাচারে কতটা অন্ধ হয়ে গিয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

𝚱 Source — https://www.hadithbd.com/quran/link/?id=1552

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন